# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।
ওয়েবসাইট: www.jgtdsl.gov.bd

স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার গ্রাহকদের দক্ষ, সাশ্রয়ী ও টেকসই সমাধান।

শুদ্ধাচার চর্চা করি
সমৃদ্ধ সোনার বাংলা গড়ি

বিনা কারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা আর বিপদকে ডাকা একই বিষয়

# "প্রি-পেইড গ্যাস মিটার সংক্রান্ত জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি"

- জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লি: (জেজিটিডিএসএল) কর্তৃক আবাসিক শ্রেণির সম্মানিত গ্রাহক আঙ্গিনায় স্থাপিত প্রি-পেইড গ্যাস মিটারসমূহ স্মার্ট টাইপ (জিপিআরএস+এনএফসি প্রযুক্তি সম্পন্ন) উন্নত ও ডিজিটাল গ্যাস পরিমাপের মিটার। নিকটস্থ ব্যাংক/ভেন্ডিং ষ্টেশন হতে প্রিপেইড কার্ড (এনএফসি কার্ড) রিচার্জ করে মিটার চালু করা যায়। এছাড়াও গুগল প্লে-ষ্টোর হতে **"জেজিটিডিএসএল প্রিপেইড"** অ্যাপস ডাউনলোড করে মোবাইলের মাধ্যমে এমএফএস প্লাটফর্ম **"উপায়"**, **"রকেট"**, **"নগদ"** পেমেন্ট গেটওয়ে ব্যবহার করে অনলাইনে ঘরে বসে দিন-রাত যে কোনো সময়ে যে কোন স্থান হতে এ মিটারটি রিচার্জ করা যায়।
- আপনাদের নিকটস্থ নিন্মোক্ত অনুমোদিত ব্যাংক ও এর শাখাসমূহ হতে প্রিপেইড কার্ড (এনএফসি কার্ড) রিচার্জ করেও মিটার চালু করা যায় :

| ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ | এনআরবিসি ব্যাংক লিঃ | ওয়ান ব্যাংক লিঃ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ | মধুমতি ব্যাংক লিঃ | জনতা ব্যাংক লিঃ | এনআরবি ব্যাংক লিঃ | বাংলাদেশ কমার্স ব্যাংক লিঃ | এসবিএসি ব্যাংক লিঃ | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| **শাহজালাল উপশহর শাখা** রোজ ভিউ হোটেল উপশহর। **শিবগঞ্জ শাখা** সিলমার্ক টাওয়ার, শিবগঞ্জ। **সুবিদবাজার শাখা** সিলভার স্টার টাওয়ার, সুবিদবাজার **লামাবাজার শাখা** আলী কমপ্লেক্স লামাবাজার। | **সিলেট উপশহর শাখা** হোটেল ইসরাত মেন্দিবাগ পয়েন্ট। **সিলেট শাখা** নিলয় ৫৭, পূর্ব দরগা গেইট। **পাঠানটুলা উপ-শাখা** আকতার শপিং কমপ্লেক্স, সিলেট-সুনামগঞ্জ হাইওয়ে। | **ইসলামপুর শাখা** ইসলামপুর, মেজরটিলা। **সিলেট শাখা** ফিরোজ সেন্টার চৌহাট্টা পয়েন্ট। **গোটাটিকর উপ-শাখা,** গোটাটিকর, সিলেট। | **আম্বরখানা শাখা** ইস্টার্ণ প্লাজা, আম্বরখানা, এয়ারপোর্ট রোড। **তালতলা শাখা** ভিআইপি রোড, তালতলা, সিলেট। | **আম্বরখানা শাখা** আমিন কমপ্লেক্স এয়ারপোর্ট রোড, সিলেট। | **কুমারগাও শাখা** টুকের বাজার, সিলেট। | **মেডিকেল রোড শাখা** ইসকন মার্কেট, কাজলশাহ, সিলেট। | **সিলেট শাখা** গ্যালারিয়া শপিংকমপ্লেক্স, পশ্চিম জিন্দাবাজার, সিলেট। | **ইসলামপুর শাখা** সিদ্দিক ম্যানশন, ইসলামপুর বাজার, সিলেট। | **দক্ষিণ সুরমা শাখা** ফয়জুর রহমান ভবন, চন্ডিপুল, দক্ষিণ সুরমা, সিলেট। |

- স্মার্ট প্রযুক্তির এ মিটারটির ডিজাইন লাইফ ১০ বছর এবং সরবরাহকারী প্রদত্ত ওয়ারেন্টি পিরিয়ড ০৩ বছর। ওয়ারেন্টি পিরিয়ডের মধ্যে কারিগরী কারণে মিটারে কোন ত্রুটি দেখা দিলে তা জেজিটিডিএসএল কর্তৃক প্রতিস্থাপন করা হবে।
- বিনা কারণে মিটারে হাত দিবেন না। গ্যাস মিটারের টাচ বাটনটি অপ্রয়োজনে চাপাচাপি করা যাবেনা; এতে ব্যাটারির আয়ুস্কাল দ্রুত নিঃশেষ হয়ে যাবে।
- সম্মানিত গ্রাহকের আঙ্গিনায় স্থাপিত প্রিপেইড গ্যাস মিটারের যথাযথ ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও এর নিরাপত্তা/সুরক্ষা প্রদান গ্রাহকের নৈতিক দায়িত্ব। মিটারের কোন প্রকারের ক্ষতি সাধন, অবৈধ হস্তক্ষেপ, মিটার বন্ধ/খুলে রাখা, অনুমোদনের অতিরিক্ত চুলা ব্যবহার ইত্যাদি শাস্তিযোগ্য অপরাধ। এরুপ ক্ষেত্রে গ্যাস আইন ২০১০ ও গ্যাস বিপণন নিয়মাবলী ২০১৪ অনুযায়ী জেজিটিডিএসএল কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হবে। মূল্যবান এ মিটারটি ব্যবহারে যত্নশীল হোন।
- প্রিপেইড মিটার স্থাপনের পূর্বে সম্মানিত গ্রাহকদের কোন গ্যাস বিল বকেয়া থাকলে তা দ্রুত পরিশোধ করুন; অন্যথায় কোনরুপ যোগাযোগ ব্যতিত আপনার গ্যাস সরবরাহ বিচ্ছিন্ন করা হতে পারে।
- প্রতিমাসে প্রথম রিচার্জের সময়ে নির্ধারিত মিটার ভাড়া আদায় করা হবে; ঐ মাসে পরবর্তী সময়ে মিটার রিচার্জের প্রয়োজন হলে কোন মিটার রেন্ট কাটা হয়না। মনে রাখবেন কোন মাসে রিচার্জ করা না হলে পরবর্তী মাসের ১ম রিচার্জের সময়ে পূর্ববর্তী মাসের মিটার রেন্ট চলতি মাসের সাথে একত্রে আদায় করা হবে।
- প্রকল্পের আওতায় বিনামূল্যে সরবরাহকৃত আপনার এনএফসি কার্ডটি সযত্নে সংরক্ষণ করুন। এটি হারিয়ে গেলে থানায় জিডি করে সংশ্লিষ্ট আবিকায় আবেদনকরত: নির্ধারিত ফি/মূল্য পরিশোধপূর্বক নিয়মানুযায়ী সংগ্রহ করতে হবে।



## মিটার ডিসপ্লে পরিচিতি

**মিটার ডিসপ্লে :** টাচ বাটন হাল্কাভাবে ১/২ সেকেন্ড চাপ দিলে মিটার ভার্সন নম্বর, অবশিষ্ট ব্যালেন্স, মোট গ্যাস ব্যবহার, সর্বশেষ রিচার্জকৃত পরিমাণ, মিটার নম্বর, তারিখ ও সময় জানা যাবে।

**এনএফসি পয়েন্ট :** আপনার এনএফসি কার্ডটি ব্যাংকের পস হতে রিচার্জ করে মিটার একটিভ করার জন্য এখানে ধরুন; 'C' লেখা আসবে এবং 'HELLO' লেখা না আসা পর্যন্ত ধরে রাখুন।

মিটার ডিসপ্লেতে এ চিহ্নটি দেখা গেলে মিটার চালু আছে।



**টাচ বাটন :**
-এনএফসি কার্ড মিটারে একটিভ করার পূর্বে টাচ বাটনটি ১/২ সেকেন্ড হাল্কাভাবে চেপে কার্ডটি এনএফসি লেখা বাটনে ধরুন;
-মিটার ডিসপ্লেতে প্রয়োজনীয় তথ্য দেখার জন্য এ বাটনটি হাল্কাভাবে ১/২ সেকেন্ড চেপে ধরুন এবং পর্যায়ক্রমে তথ্য দেখতে পাবেন;
-**জরুরী ব্যালেন্স** একটিভ করার জন্য টাচ বাটনটি ৩/৪ সেকেন্ড চেপে ধরুন। এতে ডিসপ্লেতে 'Open' লেখা চলে আসবে এবং গ্যাস সরবরাহ চালু হয়ে যাবে।

মিটার ডিসপ্লেতে এ চিহ্নটি দেখা গেলে মিটার বন্ধ আছে।

| ডিসপ্লে সংকেত | পরিচিতি | ডিসপ্লে সংকেত | পরিচিতি |
|---|---|---|---|
| n ICC0001 | মিটারের ভার্সন | 12:36:29 | সময় |
| 56.78- | ব্যবহারযোগ্য গ্যাসের পরিমাণ | C | স্মার্ট কার্ডটি তথ্য আদান প্রদান করছে |
| 13456.72- | এযাবৎ ব্যবহৃত গ্যাসের পরিমাণ | HELLO | তথ্য আদান প্রদান সম্পন্ন হয়েছে |
| 56.12- | মিটারে রিচার্জ পরিমাণ | CLOSE | মিটারের ভালভ বন্ধ |
| 1234567 | মিটার নাম্বার | OPEN | মিটারের ভালভ খোলা |
| 23-03-13 | তারিখ | ------ | অনলাইন কমিউনিকেশন শুরু হয়েছে |

- আপনাদের বাসার অভ্যন্তরীণ গ্যাস পাইপলাইন (জিআই লাইন) ও ফিটিংসসমূহের সংযোগস্থল এবং চুলার নব/ বাটন/হুসপাইপ/ পিতলের চাবি ইত্যাদিতে লিকেজ আছে কি না নিয়মিত পরীক্ষা করুন। বাসা বাড়িতে লিকেজ পরিলক্ষিত হলে রাইজারের চাবি বন্ধ করে দ্রুত অনুমোদিত ও দক্ষ মিস্ত্রি দিয়ে লিকেজ মেরামতের ব্যবস্থা করুন।
- সম্মানিত গ্রাহকগণ প্রিপেইড গ্যাস মিটার সংক্রান্ত যে কোন তথ্য জানতে জেজিটিডিএসএল'র ওয়েবসাইট : www. jgtdsl.gov.bd ভিজিট করুন। এছাড়াও গ্রাহকগণের যে কোন প্রয়োজনে প্রিপেইড গ্যাস মিটারের **টেকনিক্যাল সাপোর্ট সেন্টারের নম্বর: ০৯৬৩৮৬৬৪৪৫৫, ০১৩১৪৭১৬২৮৯, ০১৩১৪৭১৬৩৭৪** কিংবা জেজিটিডিএসএল হটলাইন নম্বর : **১৬৫১১** অথবা নিকটস্থ আঞ্চলিক বিতরণ কার্যালয়ে নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করা যেতে পারে :

| | | | |
|---|---|---|---|
| ব্যবস্থাপক (আবিকা সিলেট-পূর্ব) কুমারপাড়া, সিলেট মোবাঃ ০১৭৩০-৩১২০৭৯ | ব্যবস্থাপক (আবিকা সিলেট-পশ্চিম) কুমারগাঁও, সিলেট মোবাঃ ০১৭৩০-৩১২০৮০ | আবিকা প্রধান (আবিকা সিলেট-উত্তর) মজুমদারী, সিলেট মোবাঃ ০১৭৩০-৩১২০৭৪ | আবিকা প্রধান (আবিকা সিলেট-দক্ষিণ) দক্ষিণ সুরমা, সিলেট মোবাঃ ০১৭৩০-৩১২০৮১ |

জালালাবাদ গ্যাস কর্তৃপক্ষ